গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
আইন-১ শাখা
www.mocat.gov.bd

# বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সংশ্লিষ্ট মহামান্য সুপ্রিমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলাসমূহ সরকারের স্বার্থ রক্ষার্থে প্রতিদ্বন্দ্বিতা, সুষ্ঠু তদারকি, পরিচালনা ও পরামর্শ প্রদানের নিমিত্ত চুক্তিভিত্তিক মোট ০২(দুই) জন বেসরকারি প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

শর্তাবলি :

১. আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং ইউজিসি অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে;

২. প্যানেল আইনজীবীগণ বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বাংলাদেশ সুপ্রিমকোর্টের আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্তানুসারে সরকার/অর্থ বিভাগ কর্তৃক অনুমোদিত হারে মামলা পরিচালনার জন্য ফি/সম্মানী/পারিশ্রমিক প্রাপ্য হবেন। উক্ত ফি/সম্মানী/পারিশ্রমিক হতে বিধি মোতাবেক সকল কর্তন (ট্যাক্স ও ভ্যাট) নিশ্চিত করা হবে। ফি/সম্মানী/পারিশ্রমিক ও অন্যান্য শর্তাবলির কপি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের আইন-১ শাখা হতে ই-মেইলে সংগ্রহ করা যাবে;

৩. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের স্বার্থ আছে এমন মামলায় এ মন্ত্রণালয়ের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;

৪. প্রতিদ্বন্দ্বিতার দায়িত্বপ্রাপ্ত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে;

৫. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের পক্ষে/বিপক্ষে কোনো মামলায় রায়/আদেশ হলে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং বিপক্ষে রায়/আদেশ হলে তাৎক্ষনিকভাবে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

৬. অন্য কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে;

৭. এ্যাডভোকেট হিসেবে আপীল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে (প্রমাণক আবশ্যক);

৮. আবেদনকারীর বয়স ৩১/০৮/২০২৫ তারিখে ন্যূনতম ৪৫(পঁয়তাল্লিশ) বছর হতে হবে;

৯. ০৩(তিন) বছরের জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে;

১০. নিয়োগপ্রাপ্ত বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

১১. কোনো বেসরকারি প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

১২. নিয়োগের শর্তাবলি চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে;

১৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৪. চূড়ান্তভাবে নির্বাচিত আইনজীবীর সাথে মন্ত্রণালয় চুক্তি সম্পাদন করবে।

| | |
|---|---|
| ১৫. | **আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্র দাখিল করতে হবে :** |
| ক. | আবেদনকারীর নাম, পিতা/মাতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, কর্মস্থল/চেম্বারের ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে; |
| খ. | আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে; |
| গ. | আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে; |
| ঘ. | আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এস.এস.সি থেকে আইনসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র , বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সকল পেশাগত সনদের এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে; |
| ঙ. | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে; |
| চ. | প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে সাক্ষাৎকার গ্রহণ করা হবে; |
| ছ. | আগামী ১৫.০৯.২০২৫ হতে ৩০.০৯.২০২৫ তারিখ বিকাল ০৫.০০ টার মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নের ঠিকানায় আবেদন পৌছানো নিশ্চিত করতে হবে;<br><br>আবেদন প্রেরণের ঠিকানা :<br><br>সচিব<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০<br>(দৃ: আ: যুগ্মসচিব, আইন অধিশাখা, কক্ষ নং-২০০২, ২১ তলা, ভবন নং-০৬) |
| জ. | বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের তারিখ ও সময় ই-মেইল/হোয়াটসঅ্যাপে/ডাকযোগে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। |

রোজী আকতার
উপসচিব (আইন-১)
ও
সদস্য সচিব
বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি